

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০০৮, ১০০৯]

১৫. কিতাবুল ইস্তিসকা (বৃষ্টি প্রার্থনা) (کتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দু'আঃ ইউসূফ (আঃ)এর যামানার অনাবৃষ্টির অনুরূপ অনাবৃষ্টিতে তাদেরকে আক্রান্ত কর

باب دُعَاءِ النَّبِيِّ صلى الله عليه وسلم " اجْعَلْهَا عَلَيْهِمْ سِنِينَ كَسِنِي يُوسُفَ "

আরবী

الله عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: رُبَّمَا ذَكَرْتُ قَوْلَ الشَّاعِرِ، وَأَنَا أَنْظُرُ إِلَى وَجْهِ النَّبِيِّ يَسْتَسْقِي، فَمَا يَنْزِلُ حَتَّى يَجِيشَ كُلُّ مِيزَابٍ، وَهُوَ قَوْلُ أَبِيْ طَالِبٍ: وَأَبْيَضَ يَسْتَسْقَى الْغَمَامُ بِوَجْهِه + ثِمَالُ الْيَتَامَى عِصْمَةٌ للأَرَامِلِ

বাংলা

৫৪২) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর বৃষ্টি প্রার্থনা করার সময় আমি কখনও তাঁর চেহারা মুবারকের দিকে তাকাতাম। মিম্বার থেকে নামার পূর্বেই ঝর্ণাগুলোতে (প্রচুর বৃষ্টিপাত হওয়ার কারণে) প্রচন্ডভাবে পানি প্রবাহিত হতে দেখতাম। তখন আবু তালেবের একটি কবিতা আমার মনে পড়ে যেত। আবু তালেবের সেই কবিতাটি হলঃ

''মুহাম্মাদ শ্বেতকায় সুন্দর। তাঁর পবিত্র চেহারার উসীলায় বৃষ্টি প্রার্থনা করা হয়, তিনি ইয়াতীমদের আশ্রয়স্থল এবং বিধবাদের হেফাজতকারী"।

টিকাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চেহারার উসীলা দিয়ে বৃষ্টি প্রার্থনার অর্থ হল, তাঁর দু'আর উসীলা দেয়া। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সাহাবী বা অন্য কোন সৎ লোকের ব্যক্তিসন্তার উসীলা দিয়ে কোন কিছু চাওয়া বৈধ নয়। হাদীছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং আব্বাস (রাঃ)এর উসীলায় বৃষ্টি প্রার্থনার অর্থ হল তাদের দু'আর উসীলা দিয়ে আল্লাহর কাছে বৃষ্টি প্রার্থনা করা। যেমনটি বর্ণিত হয়েছে আনাস (রাঃ)এর হাদীছে।

English

Invocation of the Prophet (pbuh)



Narrated `Abdullah bin Dinar:

My father said, "I heard Ibn `Umar reciting the poetic verses of Abu Talib: And a white (person) (i.e. the Prophet) who is requested to pray for rain and who takes care of the orphans and is the guardian of widows." Salim's father (Ibn `Umar) said, "The following poetic verse occurred to my mind while I was looking at the face of the Prophet (p.b.u.h) while he was praying for rain. He did not get down till the rain water flowed profusely from every roofgutter: And a white (person) who is requested to pray for rain and who takes care of the orphans and is the guardian of widows . . . And these were the words of Abu Talib."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন